যুগান্তর

তারিখ 18 JAN 2010
পৃষ্ঠা

# অবৈধ ভর্তির সুপারিশ না রাখায় জবিতে ছাত্রলীগ নেতার হাতে শিক্ষক লাঞ্ছিত

**জবি প্রতিনিধি**

অবৈধভাবে ছাত্র ভর্তি করাতে রাজি না হওয়ায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের এক ডিনকে লাঞ্ছিত করেছে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ সভাপতি কামরুল হাসান রিপন। এতে তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করেছেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও বিভিন্ন ছাত্র সংগঠনের নেতাকর্মীরা। প্রত্যক্ষদর্শীরা জানায়, রোববার সকাল থেকে বিষয় পরিবর্তনকারী 'ঘ' ইউনিটের বাণিজ্য অনুষদের অপেক্ষমাণ তালিকার শিক্ষার্থীদের সাক্ষাৎকার চলছিল। ওইদিন মোট ৩শ' শিক্ষার্থীকে সাক্ষাৎকারের জন্য ডাকা হলেও ১২০ জনের সাক্ষাৎকারের পরপরই নির্ধারিত আসন পূর্ণ হয়ে যায়। ফলে নিয়ম অনুযায়ী ওই বিভাগের শিক্ষার্থীদের সাক্ষাৎকার বন্ধ করে দেয়া হয়। দুপুরের দিকে জবি ছাত্রলীগ সভাপতি কামরুল হাসান রিপন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. রেজাউল করিমের অফিসে ভর্তির সুপারিশ নিয়ে যান। কিন্তু রেজাউল করিম অবৈধভাবে শিক্ষার্থী ভর্তিতে অপারগতা প্রকাশ করলে ওই নেতা তাকে লাঞ্ছিত করেন। অবশ্য কামরুল হাসান রিপন এসব অভিযোগ অস্বীকার করে বলেন, তিনি কোন তদবির নিয়ে যাননি। ওই ডিনের সঙ্গে সৌজন্য সাক্ষাতের জন্য তিনি সেখানে গিয়েছিলেন। এ ব্যাপারে সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. রেজাউল করিম মন্তব্য করতে অপারগতা জানান।